আজকের কাগজ
তারিখ 09 APR 1994
পৃষ্ঠা ৬ কলাম ২

৬১

## রাবি'র ডিগ্রী পরীক্ষার ফল প্রকাশের দু'মাস অতিবাহিত

### কুষ্টিয়া ইসলামিয়া কলেজের সাড়ে আটশ' পরীক্ষার্থীর ফল অজ্ঞাত কারণে আজো অপ্রকাশিত

শাহ আরিফ নিশির : রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধীনে ডিগ্রী পরীক্ষার ফল প্রকাশ হবার পর দীর্ঘ ২ মাস অতিবাহিত হলেও কুষ্টিয়া ইসলামিয়া কলেজের প্রায় সাড়ে আটশ' ডিগ্রী পরীক্ষার্থী ফল আজো পায়নি। জানা গেছে, রাজশাহী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ডিগ্রী পরীক্ষার ফলাফল প্রকাশ করার সময় ইসলামিয়া কলেজসহ আরো ১০/১২টি কলেজের ডিগ্রী পরীক্ষার ফলাফল অপ্রকাশিত রাখে। তবে পরীক্ষার ফল কেন অপ্রকাশিত রাখা হয়েছে সে কারণ এখনো অজ্ঞাতই রয়ে গেছে। দীর্ঘ ২ মাস অজ্ঞাত কারণে ডিগ্রী পরীক্ষার ফল অপ্রকাশিত রাখার ফলে ইসলামিয়া কলেজের বিএ, বিএসসি, বিকম বিভাগের প্রায় সাড়ে আটশ' পরীক্ষার্থী চরম বিড়ম্বনার শিকারে পরিণত হয়েছে। এদিকে বর্তমান সরকার সকল কলেজের ডিগ্রী পরীক্ষাসমূহ জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে নেয়ার প্রক্রিয়া শুরু করায় এ পরীক্ষার্থীরা নতুন করে ভর্তি হওয়ার সুযোগ থেকেও বঞ্চিত হচ্ছে। ফল অপ্রকাশিত থাকায় ছাত্র-ছাত্রিরা হতাশাগ্রস্ত হয়ে পড়েছে। এ বিষয়ে কলেজ কর্তৃপক্ষ ছাত্র-ছাত্রিদের উপযুক্ত কারণও দেখাতে পারছে না। ফলে ফল অপ্রকাশিত থাকায় ছাত্র-ছাত্রিরা নতুন করে তাদের পরবর্তী শিক্ষা জীবন শুরু করতে পারছে না যেহেতু নিশ্চিত করে নেয়া সম্ভব হচ্ছে না পাস কিংবা অকৃতকার্য হবে কিনা। কলেজের ছাত্র-ছাত্রিরা অবিলম্বে তাদের ডিগ্রীর ফল প্রকাশের দাবিতে আন্দোলন অব্যাহত রেখেছে।